দা কান্ট্রিসাইড কোড (গ্রামাঞ্চল সংক্রান্ত নীতি)

মর্যাদা দেবেন - রক্ষা করবেন - উপভোগ করবেন

জনসাধারণের জন্য উপদেশ

পায়চারী করে বেড়ানো বা মনোরঞ্জন করার মত চড়ুইভাতি থেকে আরম্ভ করে অনেক দূর হেঁটে যাওয়া অথবা হৃদক্রিয়া বাড়ানোর মত অভিযান পর্যন্ত, উপভোগ ও মনোরঞ্জন করার মত সবরকম সুযোগই গ্রামাঞ্চলে পাওয়া যায়।

কান্ট্রি পার্ক (প্রাকৃতিক দৃশ্য বজায় রাখার জন্য রক্ষিত এলাকা), সমুদ্রবেলা, ছোট বন, নদী ও জঙ্গল, এবং তার সাথে হাজার হাজার মাইল রাইট অফ্ ওয়ে (জনসাধারণের যাতায়াত করার অধিকারপ্রাপ্ত) ও অন্যান্য পথনির্দেশ দেওয়া রাস্তা সেখানে রয়েছে। আপনি এগুলি পায়ে হেঁটে, সাইকেলে অথবা ঘোড়ায় চড়ে ঘুরে দেখতে পারেন। তাছাড়াও, পাহাড়, মুর (মাঠ), হীথ (প্রধানতঃ গুল্ম ভরা এলাকা), বালিয়াড়ি ও এজমালি জমির মত, খোলা জমি (ওপেন ল্যান্ড) নাম দেওয়া গ্রামাঞ্চলের কিছু এলাকার ওপর দিয়ে আপনি হেঁটে যেতে পারবেন।

- **নিরাপদে থাকবেন - আগে থেকে পরিকল্পনা করবেন এবং কোন নির্দেশ থাকলে তা মেনে চলবেন**
- **কোন গেট বা সম্পত্তি যে রকম অবস্থায় পাবেন, সেরকম অবস্থায় রেখে আসবেন**
- **গাছপালা ও জীবজন্তুকে রক্ষা করবেন, এবং নিজেদের আবর্জনা বাড়ি নিয়ে যাবেন**
- **আপনার কুকুরকে ভালরকম নিয়ন্ত্রণের মধ্যে রাখবেন**
- **অন্য লোকের কথা বিবেচনা করবেন**

যেখানেই যাবেন সেখানেই যদি আপনি কান্ট্রিসাইড কোড মেনে চলেন, তাহলে যতটা বেশী উপভোগ করা সম্ভব ততটাই আপনি করতে পারবেন এবং বর্তমান ও ভবিষ্যৎ বংশপরম্পরার জন্য গ্রামাঞ্চলকে রক্ষা করতে আপনি সাহায্য করবেন।

নিরাপদে থাকবেন – আগে থেকে পরিকল্পনা করবেন এবং কোন নির্দেশ থাকলে তা মেনে চলবেন

ধারেকাছে কোথাও গেলেও, আপনি কোথায় ও কখন যেতে পারেন সে বিষয়ে সবচেয়ে সাম্প্রতিক তথ্য জেনে নেওয়া ভাল; যেমন যখন কাজ করা হচ্ছে সেই সময় নিরাপত্তার কারণে বা প্রাণীদের বাচ্চা হওয়ার ঋতুতে, কিছু খোলা জায়গার এলাকাতে আপনার যাওয়ার অধিকার সীমিত করে দেওয়া হতে পারে। উপদেশ ও স্থানীয় নির্দেশচিহ্নগুলি মেনে চলবেন এবং অপ্রত্যাশিতের জন্য তৈরী থাকবেন।

- সাম্প্রতিক ম্যাপ বা গাইডবুক (নির্দেশের বই) দেখবেন, **www.countrysideaccess.gov.uk** ঠিকানায় দেখবেন অথবা স্থানীয় ইন্‌ফরমেশন (তথ্যের) সেন্টারগুলির সাথে যোগাযোগ করবেন।
- নিজের এবং আপনি যাদের দেখাশোনা করছেন তাদের নিরাপত্তা আপনার নিজের দায়িত্ব। কাজেই, আবহাওয়ার পরিবর্তন এবং অন্যান্য ঘটনার জন্য তৈরী থাকবেন। সরঞ্জাম ও নিরাপত্তা সম্পর্কে বিশেষ উপদেশ দেয় এরকম প্রতিষ্ঠানগুলির সাথে যোগসূত্রের জন্য **www.countrysideaccess.gov.uk** ঠিকানায় দেখবেন, অথবা বাড়ির বাইরে মনোরঞ্জনের গ্রুপগুলির একটা তালিকার জন্য, ভিজিটার ইন্‌ফরমেশন সেন্টার এবং লাইব্রেরীগুলির সাথে যোগাযোগ করবেন।
- বাইরে বেরোনোর আগে আবহাওয়ার পূর্বাভাসটা জেনে নেবেন এবং ফিরে আসতে ভয় পাবেন না।
- গ্রামাঞ্চলের একটা আকর্ষণ হচ্ছে যে সবকিছুর থেকে আপনি দূরে সরে যেতে পারবেন। বহুক্ষণের মধ্যে আপনি হয়ত আর কাউকে দেখতে পাবেন না এবং অনেক জায়গাই আছে যেখানে আপনি মোবাইল ফোনের পরিষ্কার সিগ্‌নাল পাবেন না। কাজেই, কোন একজনকে জানিয়ে যাবেন যে আপনি কোথায় যাচ্ছেন এবং কখন আপনি ফিরবেন বলে আশা করেন।
- পায়ে হাঁটা রাস্তা ও খোলা জায়গা দেখানোর জন্য যে সব সঙ্কেত ও চিহ্নগুলি গ্রামাঞ্চলে ব্যবহার করা হয় সেগুলি চিনে নেবেন। **www.countrysideaccess.gov.uk** দেখবেন।

গেট ও সম্পত্তি যেরকম অবস্থায় পাবেন, সেরকম অবস্থায় রেখে আসবেন

দয়া করে গ্রামাঞ্চলের কর্মজীবনকে মর্যাদা দেবেন, কারণ লোকের জীবিকা, আমাদের উত্তরাধিকারের জিনিষ, এবং আমাদের নিজেদের ও জীবজন্তুর নিরাপত্তা ও ভাল থাকার ওপর আমাদের ক্রিয়াকলাপের প্রভাব পড়তে পারে।

- একজন কৃষক সাধারণতঃ তাদের জীবজন্তুগুলিকে আটকে রাখার জন্য গেট বন্ধ করে রাখবেন। কিন্তু কোন কোন সময় হয়ত তিনি গেটটা খোলা রাখবেন, যাতে তারা জল ও খাবারের কাছে যেতে পারে। গেটগুলিকে যেরকম পাবেন সেই রকমই রেখে দেবেন অথবা বিজ্ঞপ্তিতে দেওয়া নির্দেশ মেনে অনুসারে কাজ করবেন;

কোন গ্রুপের সাথে হাঁটতে গেলে, নিশ্চিত করবেন যে, যিনি সবচেয়ে পিছনে রয়েছেন, তিনি যেন জানেন যে গেটগুলি কিভাবে রেখে যেতে হবে।

- আপনি যদি মনে করেন যে কোন নির্দেশের বিজ্ঞপ্তি বেআইনী অথবা বুঝতে ভুল হতে পারে (যেমন ‘জনসাধারণের জন্য নয় - ঢোকা বারণ’ এরকম কোন বিজ্ঞপ্তি যদি রাইট অফ্ ওয়ে-এর ওপর থাকে), তাহলে সেই লোকাল অথরিটীর সাথে যোগাযোগ করবেন।
- যেসব জমিতে ফসল হয়েছে, সেইসব জমিতে যেখানে সম্ভব সেখানে পথ দিয়ে চলবেন।
- যেখানে সম্ভব সেখানে গেট ও পাঁচিল পার হওয়া সিঁড়ি ব্যবহার করবেন - পাঁচিল, বেড়া বা ঝোপের বেড়া বেয়ে উঠলে সেগুলির ক্ষতি হতে পারে এবং পালিত জীবজন্তু বেড়িয়ে যাওয়ার ঝুঁকি বেড়ে যেতে পারে।
- আমাদের উত্তরাধিকারের জিনিষগুলি আমাদের সকলের - পুরানো ধ্বংসাবশেষ ও ঐতিহাসিক জায়গাগুলিতে কোনকিছু নাড়াচাড়া করবেন না।
- যন্ত্রপাতি এবং পালিত জীবজন্তুর থেকে দূরে থাকবেন - তাদের কষ্ট হচ্ছে মনে করলেও কোন জীবজন্তুর ব্যাপারে হস্তক্ষেপ করবেন না। তার বদলে, সেই কৃষককে জানানোর চেষ্টা করবেন।

গাছ্পালা ও জীবজন্তুকে রক্ষা করবেন, এবং নিজেদের আবর্জনা বাড়ি নিয়ে যাবেন

বর্তমান ও ভবিষ্যৎ বংশপরম্পরার জন্য আমাদের গ্রামাঞ্চলকে রক্ষা করা আমাদের দায়িত্ব। কাজেই নিশ্চিত করবেন যে আপনি যাতে পশু, পাখী ও গাছপালার কোন ক্ষতি না করেন।

- আবর্জনা ও বেশী হওয়া খাবার শুধু যে গ্রামাঞ্চলের শোভা নষ্ট করে তাই নয়, এগুলি বন্য প্রাণী ও খামারের জীবজন্তুর পক্ষে বিপজ্জনক হতে পারে এবং অসুখ ছড়াতে পারে - কাজেই, নিজেদের আবর্জনা সাথে করে বাড়ি নিয়ে যাবেন। যেখানে সেখানে জিনিষপত্র ফেলে নোংরা করা এবং সঠিক জায়গা ছাড়া অন্য জায়গায় আবর্জনা ফেলা হচ্ছে ফৌজদারী অপরাধ।
- প্রাকৃতিক পরিবেশের শোভা আবিষ্কার করুন এবং পাথর ও গাছপালার মত বৈশিষ্ট্যের ক্ষতি বা ধ্বংস না করার অথবা না সরানোর জন্য বিশেষ যত্ন নেবেন। এগুলি বন্য প্রাণীদের থাকার জায়গা ও খাবার জিনিষ, এবং এগুলি থাকাতে, সকলের গ্রামাঞ্চলকে আরও বেশী উপভোগ করতে পারবেন।
- খুব বেশী কাছে গেলে, বন্য এবং খামারের জীবজন্তুর ব্যবহার কেমন হবে তা আগে থেকে বোঝা যায় না, বিশেষ করে যখন তাদের বাচ্চা থাকে - কাজেই তাদের থেকে অনেকটা দূরে থাকবেন।

- মানুষ ও সম্পত্তির ক্ষেত্রে যেমন, জীবজন্তু ও তাদের বাস করার জায়গার ক্ষেত্রে আগুন তেমনই বিধ্বংসী - কাজেই, বছরের কোন সময়ই যাতে আপনি দেশলাই বা জ্বলন্ত সিগারেট না ফেলেন তা নিশ্চিত করবেন। কোন কোন সময় গাছপালার বাড় নিয়ন্ত্রণ করার জন্য নিয়ন্ত্রিতভাবে আগুন ব্যবহার করা হয়, বিশেষ করে অক্টোবর থেকে এপ্রিল মাসের মধ্যে হীথ এবং মুরগুলিতে। কাজেই **999**-এ টেলিফোন করার আগে খোঁজ নিয়ে জেনে নেবেন যে আগুনটা তত্ত্বাবধান করা আগুন কিনা।

কুকুরদের ভালরকম নিয়ন্ত্রণের মধ্যে রাখবেন

কুকুরদের শারীরিকভাবে প্ররিশ্রম করানোর জন্য গ্রামাঞ্চল খুব ভাল জায়গা। কিন্তু তাদের কুকুর যাতে খামারের পালিত জীবজন্তু, বন্য প্রাণী বা অন্যান্য লোকের পক্ষে বিপজ্জনক বা বিরক্তিকর না হয় তা নিশ্চিত করা হচ্ছে প্রত্যেকটি মালিকের দায়িত্ব।

- আইন অনুসারে, আপনাকে অবশ্যই আপনার কুকুরকে এমনভাবে নিয়ন্ত্রণ করতে হবে যাতে সে কোন খামারের পালিত জীবজন্তু বা বন্য প্রাণীদের বিরক্ত না করতে পারে অথবা ভয় না দেখাতে পারে। 1লা মার্চ থেকে 31শে জুলাইর মধ্যে বেশীরভাগ খোলা ও এজমালি জমিতে এবং খামারের পালিত জীবজন্তুর কাছাকাছি সব সময়, আপনার কুকুরকে অবশ্যই একটা ছোট দড়িতে বেঁধে নিয়ে হাঁটাতে হবে।
- ভালরকম নিয়ন্ত্রণের মধ্যে থাকলে, জনসাধারণের ব্যবহার্য পায়ে হাঁটার পথে আপনার কুকুরকে দড়ি বেঁধে রাখতে হবে না। কিন্তু, সাধারণ নিয়ম হিসাবে, আপনার কুকুর আপনার কথা শুনবে বলে আপনি নিশ্চিত না হলে, তাকে দড়ি বেঁধে রাখবেন। কোন কুকুর তাদের জীবজন্তুকে আহত বা বিরক্ত করলে, আইন অনুযায়ী, কৃষকরা সেই কুকুরটিকে মেরে ফেলতে পারেন।
- খামারের কোন জন্তু যদি আপনাকে এবং আপনার কুকুরকে তাড়া করে, তাহলে কুকুরটিকে দড়ি খুলে ছেড়ে দেওয়াটা অপেক্ষাকৃত নিরাপদ - কুকুরকে রক্ষা করতে গিয়ে নিজে আহত হওয়ার ঝুঁকি নেবেন না।
- বিশেষ খেয়াল রাখবেন যে আপনার কুকুর যাতে ভেড়া বা বাচ্চা ভেড়াগুলিকে ভয় না দেখায় অথবা ঘুরতে ঘুরতে এমন কোন জায়গায় চলে না যায় যেখানে সে মাটিতে বাসা করা পাখী বা অন্য কোন বন্য প্রাণীকে বিরক্ত করতে পারে - বাবা/মা রক্ষা না করলে, তাড়াতাড়িই ডিমগুলি নষ্ট হয়ে যাবে এবং বাচ্চার মৃত্যু হবে।
- সবাই জানে যে কুকুরের নোংরা কি বিশ্রী জিনিষ এবং এর থেকে কিরকমভাবে রোগ সংক্রামিত হতে পারে। কাজেই, আপনার কুকুরের নোংরা সবসময় তুলে নিয়ে দায়ত্বপূর্ণভাবে ফেলে দেবেন। তাছাড়াও নিয়মিতভাবে আপনার কুকুরকে ক্রিমিমুক্ত করা নিশ্চিত করবেন।

- কোন কোন সময়, কিছু খোলা জমির এলাকায় কুকুর নিয়ে যাওয়ার অনুমতি দেওয়া হবে না অথবা তাদের হয়ত দড়ি বেঁধে রাখতে হতে পারে। কোন নির্দেশ থাকলে তা মেনে চলবেন। **www.countrysideaccess.gov.uk** ঠিকানায় অথবা **openaccess@countryside.gov.uk** তে ই-মেইল করে অথবা **0845 100 3298** নম্বরে টেলিফোন করেও আপনি এই নিয়মগুলি সম্বন্ধে আরও জানতে পারবেন।

অন্য লোকের কথা বিবেচনা করবেন

অন্য লোকজনের কথা বিবেচনা করা ও তাদের সম্মান দেখানো হলে, গ্রামাঞ্চল সকলের পক্ষেই একটা মনোরম পরিবেশ হবে - থাকার জন্য, কাজের জন্য এবং অবসর বিনোদনের জন্য।

- ছোট ছোট গ্রামের রাস্তায় যানবাহনের ব্যস্ততা, স্থানীয় লোকজন, ভ্রমণকারী এবং বন্য প্রাণীদের জন্য অপ্রীতিকর ও বিপজ্জনক হতে পারে - কাজেই আস্তে গাড়ী চালাবেন এবং, যেখানে সম্ভব সেখানে, আপনার নিজের গাড়ী বাড়িতে রেখে যাবেন, অন্যদের সাথে গাড়িতে যাওয়ার কথা বিবেচনা করে দেখবেন এবং জনসাধারণের ব্যবহার্য যানবাহন বা সাইকেলের মত বিকল্প উপায় ব্যবহার করবেন। জনসাধারণের ব্যবহার্য যানবাহন সম্বন্ধে তথ্যের জন্য, **0870 608 2608** নম্বরে ট্র্যাভেললাইনকে টেলিফোন করবেন অথবা উপকারী যোগাযোগ সংক্রান্ত তথ্যের জন্য **www.countrysideaccess.gov.uk** ঠিকানা দেখবেন।
- স্থানীয় লোকজনের প্রয়োজনগুলিকে মর্যাদা দেবেন - যেমন, গেট, ড্রাইভওয়ে বা অন্য কোনরকম প্রবেশপথ আপনার গাড়ি দিয়ে আটকাবেন না।
- খামারের পালিত জীবজন্তুকে যখন একসাথে করা হচ্ছে বা এক জায়গা থেকে আর এক জায়গায় নিয়ে যাওয়া হচ্ছে, তখন তার পথে থাকবেন না এবং সেই কৃষকের নির্দেশ মেনে চলবেন।
- যখন সাইকেল বা গাড়ি চালাবেন, তখন ঘোড়া, পদযাত্রী এবং খামারের পালিত জীবজন্তুর জন্য গতি কমাবেন এবং তাদের অনেকটা জায়গা দেবেন। আইন অনুসারে, পদযাত্রী ও ঘোড়ার আরোহীদের জন্য, সাইকেল আরোহীদের পথ ছেড়ে দিতে হবে।
- গ্রামাঞ্চলের আর্থিক ব্যবস্থাকে সাহায্য করবেন - যেমন, আপনার জিনিষপত্র স্থানীয় দোকান থেকে কিনবেন।

জনসাধারণের জন্য দেওয়া তথ্য

কিভাবে এবং কোথায় গ্রামাঞ্চলে যাওয়া যাবে তার জন্য, **www.countrysideaccess.gov.uk** দেখবেন অথবা আপনার স্থানীয় ভিজিটার সেন্টার বা লাইব্রেরীর সাথে যোগাযোগ করবেন (তালিকার জন্য **www.yell.com** দেখবেন)।

যাওয়ার নতুন অধিকারগুলির জন্য,
www.countrysideaccess.gov.uk ঠিকানায় দেখবেন
openaccess@countryside.gov.uk-তে ই-মেইল করবেন অথবা
0845 100 3298 নম্বরে টেলিফোন করবেন।

বিশেষ সংরক্ষণের উদ্যোগের এলাকায় আরও যানবাহনে চড়ে ও হেঁটে বেরানোর ব্যবস্থা সম্বন্ধে মানচিত্র এবং তথ্যের জন্য **www.countrywalks.defra.gov.uk** ঠিকানার ওয়েবসাইট দেখবেন।

বিশেষ কোন এলাকায় বা রাইট অফ্ ওয়ে-এর এলাকায় ঢোকা সংক্রান্ত সমস্যায় সাহায্যের জন্য সংশ্লিষ্ট লোকাল অথরিটীর, কান্ট্রিসাইড বা রাইটস্ অফ্ ওয়ে ডিপার্টমেন্টের সাথে, অথবা ন্যাশনাল পার্ক অথরিটীর সাথে যোগাযোগ করবেন।

স্কটল্যান্ড-এ কোথায় যাওয়া যাবে এবং স্কটিশ আউটডোর এ্যাক্সেস্ কোড (Scottish Outdoor Access Code) সম্বন্ধে আরও তথ্যের জন্য **www.snh.org.uk/soac** ঠিকানায় স্কটিশ ন্যাশনাল হেরিটেজ-এর ওয়েবসাইট দেখবেন।

ওয়েলস্-এ কোথায় যাওয়া যাবে এবং ওয়েল্শ কান্ট্রিসাইড কোড (Welsh Countryside Code) সম্বন্ধে আরও তথ্যের জন্য **www.ccw.gov.uk** দেখবেন।

কান্ট্রিসাইড কোড (গ্রামাঞ্চল সংক্রান্ত নীতি) – ল্যান্ড ম্যানেজারদের (জমির পরিচালকদের) জন্য উপদেশ

যারা গ্রামাঞ্চলে বেড়াতে আসেন তাদের থেকে স্থানীয় আর্থিক ব্যবস্থার গুরুত্বপূর্ণ আয় হয়। বেশীরভাগ লোকই দৃশ্যমান পথ ধরে চলেন, গেটগুলির মত যথাযত ঢোকার জায়গা ব্যবহার করেন এবং সাধারণতঃ সঠিকভাবে চলতে চান - কিন্তু আপনার সাহায্য তাদের প্রয়োজন।

আপনার অধিকার, দায়িত্ব এবং দায় জেনে রাখবেন

- আপনার জমিতে লোকে কোথায় যেতে পারবে?
- আপনার জমিতে থাকাকালীন লোকের ওপর কোন নিয়মকানুনগুলি প্রযোজ্য?
- আপনার জমির অন্যান্য লোকজনের প্রতি আপনার অধিকার ও দায়িত্ব কি?

যারা বেড়াতে আসবেন তাদের দায়িত্বশীল হওয়া সহজ করে দেবেন

- দায়িত্বশীলভাবে আপনার জমিতে আসতে এবং কান্ট্রিসাইড কোড মেনে চলতে আপনি লোককে কিভাবে সাহায্য করতে পারবেন?
- আপনি কি সাহায্য ও উপদেশ পেতে পারেন?

যারা বেড়াতে আসেন তাদের জন্য সম্ভাব্য বিপদগুলি শনাক্ত করবেন

- আপনার জমিতে থাকা লোকজনের নিরাপত্তা সম্বন্ধে কোন ঝুঁকি রয়েছে কি এবং এই ঝুঁকিগুলির ব্যাপারে আপনি কি করতে পারেন?

আপনার অধিকার, দায়িত্ব এবং দায় জেনে রাখবেন

- যারা বেড়াতে আসেন তাদের বিভিন্নভাবে জমিতে ঢুকতে দেওয়া হয়। আপনার ওপর এর কি প্রভাব পড়বে এবং আপনার অধিকার, দায়িত্ব এবং দায়গুলি কি সে বিষয়ে আরও নির্দেশের জন্য আপনার লোকাল অথরিটী অথবা ন্যাশনাল পার্ক অথরিটীর সাথে যোগাযোগ করবেন, এবং **www.countrysideaccess.gov.uk** ঠিকানার ল্যান্ড ম্যানেজারদের অংশটি দেখবেন।
- অর্ডনান্স সার্ভের (জরিপের) 1:25,000 মানচিত্রগুলিতে নির্দিষ্ট করে দেওয়া খোলা জমি এবং রাইট অফ্ ওয়ে দেখানো হয়েছে। এই ম্যাপগুলি সাধারণতঃ বিশ্বাসযোগ্য কিন্তু 'নিশ্চিত' নয়। কাজেই, রাইট অফ্ ওয়ে-এর

আইনগত অবস্থা আপনার লোকাল অথরিটীর কাছ থেকে জেনে নেওয়ার প্রয়োজন হবে। যাওয়ার মত জমির ‘কান্ট্রিসাইড এ্যান্ড রাইটস্ অফ্ ওয়ে এ্যাক্ট 2000’ অনুসারে কোন এলাকাগুলির মানচিত্র তৈরী করা হয়েছে তা আপনি **www.countrysideaccess.gov.uk** দেখলে জানতে পারবেন।

- আইন অনুযায়ী, রাইটস্ অফ্ ওয়েগুলিকে আপনার অবশ্যই পরিষ্কার রাখতে হবে এবং যে জমিতে যাওয়ার অধিকার আছে সেখানে লোকজনের ঢোকায় কোন বাধা থাকতে পারবে না - বিভ্রান্ত করার মত নির্দেশের বিজ্ঞপ্তি দিয়ে জনসাধারণের ঢোকার অধিকারে বাধা দেওয়ার চেষ্টা করাটা হচ্ছে একটি ফৌজদারী অপরাধ।
- অনধিকার প্রবেশ করাটা অনেক সময়ই ইচ্ছাকৃত নয় - অনধিকার প্রবেশ সম্বন্ধে ব্যবস্থা নেওয়ার বিষয়ে উপদেশের জন্য **www.countrysideaccess.gov.uk** ঠিকানায় ল্যান্ড ম্যানেজারদের অংশে, ‘ম্যানেজিং পাব্লিক এ্যাক্সেস্ এ্যাড্ভাইস-এর পৃষ্ঠাগুলি (Managing Public Access Advice Sheets) দেখবেন। তা নাহলে, **0845 100 3298** নম্বরে ওপেন এ্যাক্সেস্ কন্ট্যাক্ট সেন্টারের কাছ থেকে এর একটা কপি চাইবেন।

যারা বেড়াতে আসবেন তাদের দায়িত্বশীল হওয়া সহজ করে দেবেন

- পথ, সীমারেখা, পথনির্দেশ, নির্দেশের বিজ্ঞপ্তি, গেট এবং পাঁচিল পার হওয়ার সিঁড়িগুলিকে ভাল অবস্থায় রাখলে, আপনার জমির ওপর দিয়ে যাতায়াত নিয়ন্ত্রণ করা সহজ হবে। কি সাহায্য পাওয়া যায় তা জানার জন্য আপনার লোকাল অথরিটী অথবা ন্যাশনাল পার্ক অথরিটীর সাথে যোগাযোগ করবেন।
- যেখানে বেড়া বা ঝোপের মত সীমারেখার কোন বৈশিষ্ট্যের মধ্য দিয়ে জনসাধারণের ঢোকার পথ রয়েছে, সেখানে সেই ফাঁকটা সম্ভব হলে ব্যবহার করবেন। বাস্তবিক পক্ষে এটা যদি সম্ভব না হয়, তাহলে যাওয়া যায় এরকম একটা গেট, অথবা অত্যাবশ্যক হলে পাঁচিল পার হওয়ার সিঁড়ি ব্যবহার করবেন। নতুন গেট বা পাঁচিল পার হওয়ার সিঁড়ি বসাবার সময়, আপনার লোকাল অথরিটীর কাছ থেকে অনুমতি নেওয়া নিশ্চিত করবেন।
- যেখানে প্রয়োজন সেখানে পরিষ্কার ও ভদ্রভাবে নির্দেশ দিয়ে, আপনার ইচ্ছাকে মর্যাদা দেওয়াতে উৎসাহ দেবেন। যেমন, যারা বেড়াতে আসবেন তাদের আপনার জমি পরিচালনা সংক্রান্ত কাজ সম্বন্ধে জানালে, আপনার কাজে বাধার সৃষ্টি না করায় তাদের সাহায্য হবে।
- আবর্জনা আরও আবর্জনাকে আকর্ষণ করে - আপনার ক্ষেত খামারের আবর্জনা ঠিকমত ফেলে দিলে, আপনি ফ্লাই টিপিংয়ের (বেআইনীভাবে আবর্জনা ফেলা) আকর্ষণ কমাতে পারবেন এবং আবর্জনা ঠিকভাবে ফেলতে অন্যদের উৎসাহ দিতে পারবেন।

যারা বেড়াতে আসেন তাদের জন্য সম্ভাব্য বিপদগুলি শনাক্ত করবেন

- অকোপায়ারস্ লায়াবিলিটি এ্যাক্ট 1957 এবং 1984 অনুসারে আপনার দেখাশোনা করার কর্তব্য নির্ভর করবে ঢোকার অধিকারের ধরণের ওপর। কাজেই কোন অধিকার আপনার জমির ওপর প্রযোজ্য কিনা তা জেনে রাখা গুরুত্বপূর্ণ। আরও নির্দেশের জন্য, **020 7235 0511** নম্বরে কান্ট্রি ল্যান্ড এ্যান্ড বিজ্‌নেস্ এ্যাসোসিয়েশনের সাথে অথবা **0870 845 8458** নম্বরে ন্যাশনাল ফার্মারস্ ইউনিয়নের সাথে যোগাযোগ করবেন।
- আপনার জমিতে মানুষের তৈরী বা প্রাকৃতিক কোন বিপদের ঝুঁকি থাকা সম্ভব কিনা তা বিবেচনা করে দেখবেন এবং কোন ঝুঁকি সহজে বোঝা না গেলে, তার দিকে জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করবেন।
- যেসব এলাকায় লোকে বেড়াতে আসে, সেইসব জায়গার কাছাকাছি ইলেক্‌ট্রিকের বেড়া লাগাবেন না এবং অন্যান্য ঝুঁকি এড়িয়ে চলবেন, বিশেষ করে পায়ে হাঁটার সরু পথের ধারে এবং বাচ্চাদের উচ্চতায়। কাঁটাতারের বদলে সাধারণ তার ব্যবহার করার জন্য জোর দিয়ে সুপারিশ করা হচ্ছে।
- যেসব জীবজন্তু ভ্রমণকারীদের আক্রমণ করতে পারে, জনসাধারণের জন্য খোলা, এরকম জায়গায় সেগুলিকে ছেড়ে রাখবেন না - তার ফলে কোনরকম ক্ষতি হলে আপনি তার জন্য দায়ী হতে পারেন।

জমির পরিচালকদের জন্য তথ্য

ম্যানেজিং পাব্‌লিক এ্যাক্‌সেস্ এ্যাড্‌ভাইস-এর পৃষ্ঠাগুলির জন্য, **www.countrysideaccess.gov.uk** ঠিকানায় ল্যান্ড ম্যানেজারদের অংশে দেখবেন অথবা **0845 100 3298** নম্বরে ওপেন এ্যাক্‌সেস্ কন্ট্যাক্ট সেন্টারকে টেলিফোন করবেন।

এই কান্ট্রিসাইড এ্যান্ড রাইটস্ অফ্ ওয়ে এ্যাক্ট (The Countryside and Rights of Way Act) অনুসারে ঢোকার অধিকার সম্পর্কিত মানচিত্র ও তথ্যের জন্য, **www.openaccess.gov.uk** ঠিকানায় ল্যান্ড ম্যানেজারদের অংশে দেখবেন অথবা **0845 100 3298** নম্বরে ওপেন এ্যাক্‌সেস্ কন্ট্যাক্ট সেন্টারকে টেলিফোন করবেন।

বিশেষ কোন এলাকা বা রাইটস্ অফ্ ওয়ে সংক্রান্ত সমস্যায় সাহায্যের জন্য আপনার লোকাল অথরিটীর কান্ট্রিসাইড বা রাইটস্ অফ্ ওয়ে ডিপার্টমেন্টের সাথে, অথবা সংশ্লিষ্ট ন্যাশনাল পার্ক অথরিটীর সাথে যোগাযোগ করবেন; **www.countrysideaccess.gov.uk** ঠিকানায় অথবা তালিকার জন্য স্থানীয় টেলিফোনের বইতে দেখবেন।